দৈনিক ইত্তেফাক 162

তারিখ ... AUG 19 1999 ... ...
পৃঃ 2 কলাম 2 ......

# ঢাকা ভার্সিটির ৩ ছাত্রকে শোকজ

ইত্তেফাক রিপোর্ট ঃ গত মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলের সম্মুখে প্রভাত সূত্রধর নামে এক ছাত্রকে ছুরিকাহত করার সহিত জড়িত থাকার অভিযোগে গতকাল (বুধবার) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উদ্ভিদ বিজ্ঞান ২য় বর্ষের ছাত্র সঞ্জয় কুন্ডু, সংস্কৃত ও পালি ২য় বর্ষের সঞ্জীব চক্রবর্তী এবং রাষ্ট্র বিজ্ঞান দ্বিতীয় বর্ষের ছাত্র রিপন পোদ্দারকে 'কেন বহিষ্কার করা হইবে না'- মর্মে কারণ দর্শাও নোটিস প্রদান করিয়াছে। একুই সঙ্গে জগন্নাথ হলের হাউস টিউটর অধ্যাপক জোসেফ ডি সিলভাকে আহ্বায়ক করিয়া ৩ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হইয়াছে। আগামী ৭ দিনের মধ্যে কমিটিকে সুপারিশ পেশ করিতে বলা হইয়াছে। এদিকে রাষ্ট্রবিজ্ঞান ২য় বর্ষ ও জগন্নাথ হলের ২২০ নম্বর কক্ষের ছাত্র ছুরিকাহত প্রভাত সূত্রধরের বিরুদ্ধে ভুয়া কাগজপত্র দাখিল করিয়া ভর্তি হওয়ার অভিযোগ প্রমাণিত হওয়ার প্রেক্ষিতে গত ১৬ই আগষ্ট তাহার ভর্তি বাতিল করা হইয়াছে। গত ১৫ই আগষ্ট প্রভাত সূত্রধরসহ ১৬ জন ভুয়া ছাত্রের ভর্তি বাতিল সংক্রান্ত সংবাদ ইত্তেফাকে প্রকাশিত হয়।